



প্রথম আলো

প্রথম আলো, ২৮-০৪-২০২৪, অনলাইন

ইস্ট ওয়েস্টে 'সিএসই ফেস্ট'

উচ্চশিক্ষা শেষে শিক্ষার্থীদের দেশে কাজ করার আহ্বান ইউজিসির চেয়ারম্যানের



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগ ২৪ ও ২৫ এপ্রিল রাজধানীর আফতাবনগারে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে আয়োজন করেছিল 'সিএসই ফেস্ট'-এর। দুই দিনব্যাপী এই ফেস্টে প্রায় ২৪টি বিশ্ববিদ্যালয় এবং ২০টি তথ্যপ্রযুক্তি প্রতিষ্ঠানের প্রতিনিধিরা অংশ নেন। উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) ভারপ্রাপ্ত চেয়ারম্যান অধ্যাপক মুহাম্মদ আলমগীর। তিনি বলেন, '৫০ বছর আগে চীন, মালয়েশিয়া ও ইন্দোনেশিয়ার মতো দেশগুলো যে অবস্থায় ছিল, এখন তার চেয়ে বহুগুণ এগিয়েছে। তাদের দেশের মেধাবীরাই দেশকে এগিয়ে নিয়েছেন। বাংলাদেশের অর্জন আরও বেশি হতো, যদি মেধাবীরা বিদেশমুখী না হয়ে তাঁদের মেধা দেশের কাজে লাগাতেন।' তাই শিক্ষার্থীদের দেশে থেকে দেশকে এগিয়ে নিতে কাজ করার আহ্বান জানান অধ্যাপক আলমগীর। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক মোহাম্মদ ফরাসউদ্দিন। শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, 'তোমাদের অর্জনে এই দেশ, সমাজ, মা-বাবার অবদানের কথা চিন্তা করে নিজেকে শ্রেষ্ঠ মানুষ হিসেবে গড়ে তুলবে।' অনুষ্ঠানে আরও বক্তব্য দেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপাচার্য শামস রহমান এবং সিএসই বিভাগের চেয়ারপারসন ও সহযোগী অধ্যাপক মাহিন ইসলাম। এবারের সিএসই ফেস্টের আয়োজনগুলোর মধ্যে রয়েছে প্রোগ্রামিং প্রতিযোগিতা, গেমিং প্রতিযোগিতা, রোবো সকার, লাইন ফ্লোয়ার প্রতিযোগিতা, প্রজেক্ট শোকেসিং প্রতিযোগিতা, চাকরির মেলা, আইটি অলিম্পিয়াড, প্রযুক্তির নানান বিষয়ে পাঁচটি সেমিনার ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান। বিজ্ঞপ্তি